

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩০৩. ইহুদি-খ্রিস্টান ছাড়া অন্য যে কোন মুশ্রিক মহিলাকে বিবাহ করা

আল্লাহ্ তা'আলা বলেন:

وَلَا تَنكِحُوا الْمُشْرِكَاتِ حَتَّىٰ يُوْمِنَ ۚ وَلَأَمَةٌ مُّوْمِنَةٌ خَيْرٌ مِّن مُّشْرِكَةٍ وَلَوْ أَعْجَبَتْكُمْ ۚ وَلَا تُنكِحُوا الْمُشْرِكِينَ حَتَّىٰ يُوْمِنُوا وَلَا تُنكِحُوا الْمُشْرِكِ وَلَوْ أَعْجَبَكُمْ ۚ أَوْلَٰئِكَ يَدْعُونَ إِلَى النَّارِ ۚ وَاللَّهُ يَدْعُو إِلَى الْجَنَّةِ وَالْمَغْفِرَةِ يَوْمِنُوا وَلَى الْجَنَّةِ وَالْمَغْفِرَةِ بِإِذْنِهِ الْ وَيُبَيِّنُ آيَاتِهِ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ

"তোমরা মুশরিক মেয়েদেরকে বিবাহ্ করো না যতক্ষণ না তারা ঈমান গ্রহণ করে। একজন মু'মিন বান্দী একজন মুশরিক মহিলা থেকে অনেক উত্তম। যদিও সে অত্যন্ত আকর্ষণকারিণীই হোক না কেন। তেমনিভাবে তোমরা কোন মুশরিকের নিকট নিজেদের অধীনস্থ কোন মেয়েকে বিবাহ্ দিও না যতক্ষণ না তারা ঈমান গ্রহণ করে। একজন মু'মিন বান্দাহ্ একজন মুশরিক পুরুষ চাইতে অনেক উত্তম। যদিও সে অত্যন্ত আকর্ষণকারীই হোক না কেন। তারা লোকদেরকে জাহান্নামের দিকে ডাকে। আর আল্লাহ্ তা'আলা নিজ ইচ্ছায় সবাইকে জান্নাত ও মাণিফরাতের দিকে ডাকছেন এবং তিনি সকল মানুষের জন্য নিজ আয়াত সমূহ সুস্পষ্টভাবে বর্ণনা করেন যেন তারা তা থেকে সহজভাবেই উপদেশ গ্রহণ করতে পারে"। (বাক্বারাহ্ : ২২১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11553

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন